দৈনিক ইনকিলাব

ডকুমেন্টেশন
কেন্দ্র

তারিখ 09 JAN 1989
পৃষ্ঠা 1 কলাম 4

৫৭

৬০




গতকাল ঢাকার বিভিন্ন স্কুলে ভর্তি পরীক্ষা উপলক্ষে প্রচণ্ড ভিড় পরিলক্ষিত হয়-ইনকিলাব

# স্কুলে ভর্তি পরীক্ষা ঃ ১টি আসনে গড়ে একশ' পরীক্ষার্থী

॥ স্টাফ রিপোর্টার ॥

গতকাল ঢাকা শহরের সকল সরকারী ও বেসরকারী বিদ্যালয়ে ৬ষ্ঠ থেকে নবম শ্রেণী পর্যন্ত ছেলেদের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। ভর্তি পরীক্ষার ১টি আসনের জন্যে গড়ে প্রায় ১শ' জন ছাত্র অংশগ্রহণ করে বলে জানা গেছে। পরীক্ষা চলাকালে স্কুলগুলোর সামনে প্রচুর ছাত্র ও অভিভাবকের ভিড় পরিলক্ষিত হয়। পরীক্ষা চলা পর্যন্ত ২-এর পৃষ্ঠায় দেখুন

[illegible] ভিড় ছিল। রাজধানীতে মাধ্যমিক পর্যায়ে সরকারী ও বেসরকারী স্কুলের সংখ্যা জনসংখ্যা অনুপাতে কম বলেই আসন অনুযায়ী পরীক্ষার্থীর সংখ্যা বেশি।

আজ সকল সরকারী ও বেসরকারী বিদ্যালয়ে মেয়েদের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। মেয়েদের ভর্তি পরীক্ষায় আসন ও ছাত্রীদের মধ্যে গড় অনুপাতে ছাত্রদের চেয়ে বেশি হওয়ার সম্ভাবনা রয়েছে বলে অনুমান করা হচ্ছে।